

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইন্সটন গার্ডেন রোড, ঢাকা।  
www.dwa.gov.bd

স্মারক নং- ৩২.০১.০০০০.০০৮.২০.০৭১.১২. ৪৯

তারিখঃ ০২/০৮/২০১৫ খ্রিঃ।

বিষয় : ভিজিডি কর্মসূচির আওতায় বরাদ্দকৃত চাল ৩০ কেজি পরিমাপের বস্তায় সরবরাহকরণ এবং খাদ্যের পরিবহন ব্যয় বরাদ্দ বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

সূত্র : খাদ্য অধিদপ্তরের স্মারক নং- ১৩.০১.০০০০.০৫১.৫৮.০১৮.১৫-৭৫৬(৭) তারিখ : ০৫/০৮/২০১৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের গত ১০/০৭/২০১৪ তারিখ অনুষ্ঠিত সভায় দরিদ্র মহিলাদের খাদ্য নিরাপত্তা কর্মসূচি (ভিজিডি) খাতে বরাদ্দকৃত খাদ্যশস্য সুষ্ঠুভাবে বিতরণের সুবিধার্থে ৩০ কেজির বস্তায় বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহিত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে খাদ্য অধিদপ্তর ইতোমধ্যে ৩০ কেজি (বস্তা ব্যতীত) প্যাকেটজাত চাল বিতরণের জন্য মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করেছে। ভিজিডি বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী জুলাই/২০১৫ হতে জুন/২০১৬ পর্যন্ত ১২ মাসের ভিজিডি খাদ্য পরিবহন ব্যয় বরাদ্দ আদেশে ৬০% পরিবহন ব্যয় বরাদ্দ প্রেরণ করা হয়। ৪০% বস্তা বিক্রয়লব্ধ অর্থ থেকে ব্যয় নির্বাহ করার নির্দেশনা থাকলেও যেহেতু প্রতি কার্ডধারী উপকারভোগী মহিলার অনুকূলে ৩০ কেজি বস্তায় চাল বিতরণ করতে হবে। সে কারণে বস্তা বিক্রির টাকা হতে পরিবহন ব্যয় মিটানোর সুযোগ নাই। বিধায় মাঠ পর্যায়ে খাদ্যের পরিবহন ব্যয় মিটানোর বিষয়ে জটিলতার সৃষ্টি হয়েছে মর্মে অভিযোগ উত্থাপিত হচ্ছে। বর্তমান প্রেক্ষাপটে উদ্ভূত সমস্যা নিরসনের লক্ষ্যে অবশিষ্ট ৪০% পরিবহন ব্যয় বরাদ্দ মিটানোর জন্য উপযোজনের প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। পরবর্তীতে যৌক্তিক পরিবহন ব্যয় নির্ধারণের জন্য আন্তঃবিভাগ সমন্বয় সভার মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করা হবে।

এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর সিদ্ধান্ত সঠিকভাবে বাস্তবায়নের স্বার্থে মাঠ পর্যায়ে ভিজিডি উপকারভোগী মহিলাদের অনুকূলে ৩০ কেজি পরিমাপের বস্তায় ৩০ কেজি চাল (বস্তা ব্যতীত) বিতরণের বিষয়টি নিশ্চিতকরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রাপক : উপজেলা নির্বাহী অফিসার

.....  
.....

(সাহিন আহমেদ চৌধুরী)

মহা পরিচালক (অতিঃ সচিব)

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

☎ঃ ৮৩১৯১৪৯।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ০৫। বিভাগীয় খাদ্য নিয়ন্ত্রক, .....
- ০৬। জেলা প্রশাসক, জেলা : .....
- ০৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলা : .....
- ০৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা : .....
- ০৯। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জেলা : .....
- ১০। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, উপজেলা : ....., জেলা : .....
- ১১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ....., জেলা : .....
- ১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ....., জেলা : .....